



এনসিপি নেতা আখতার হোসেনকে ফোনে হত্যার হুমকি থানায় জিডি



এনসিপি সদস্যসচিব আখতার হোসেন। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব ও রংপুর-৪ আসনে ১১ দলীয় জোটের সংসদ সদস্য পদপ্রার্থী আখতার হোসেনকে মোবাইল ফোনে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে। এ ঘটনায় তিনি পীরগাছা থানায় সাধারণ ডায়েরি করেছেন।

শনিবার (৭ ফেব্রুয়ারি) বিকেলে একটি অচেনা নম্বর থেকে ফোন করে তাকে ভয়ভীতি দেখানো হয় বলে জানা গেছে। তখন তিনি পীরগাছার ছাউলা ইউনিয়নে নির্বাচনী প্রচারে ব্যস্ত ছিলেন।

আখতার হোসেন বলেন, অজ্ঞাত নম্বর থেকে কল দিয়ে তাকে হত্যার হুমকি দেওয়া হয়েছে, যা নির্বাচনকালীন সময়ে উদ্বেগের কারণ। এলাকায় অবৈধ অস্ত্রের উপস্থিতির কথাও উল্লেখ করে তিনি আইনশৃঙ্খলা বাহিনীর বাড়তি সতর্কতা কামনা করেন। অতীতে নানা চাপ ও হুমকি মোকাবিলা করেও তারা এগিয়ে এসেছেন উল্লেখ করে তিনি বলেন, এ ধরনের হুমকিতে তাদের পথচলা থামানো যাবে না।

LENS ASIA